# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৬৪৮

৩/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২৯. কারো নিকট কিছু চাওয়া থেকে বিরত থাকা প্রসঙ্গে

باب فِي الاِسْتِعْفَافِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةَ، عَنْ مَالِكٍ، عَنْ نَافِعٍ، عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قَالَ وَهُوَ عَلَى الْمِنْبَرِ وَهُوَ يَذْكُرُ الصَّدَقَةَ وَالتَّعَفُّفَ مِنْهَا وَالْمَسْأَلَةَ " الْيَدُ الْعُلْيَا خَيْرٌ مِنَ الْيَدِ السُّفْلَى وَالْيَدُ الْعُلْيَا الْمُنْفِقَةُ وَالسُّفْلَى السَّائِلَةُ " . قَالَ أَبُو دَاوُدَ اخْتُلِفَ عَلَى أَيُّوبَ عَنْ نَافِعٍ فِي هَذَا الْحَدِيثِ قَالَ عَبْدُ الْوَارِثِ " الْيَدُ الْعُلْيَا الْمُتَعَفِّفَةُ " . وَقَالَ أَكْثَرُهُمْ عَنْ حَمَّادِ بْنِ زَيْدٍ عَنْ أَيُّوبَ " الْيَدُ الْعُلْيَا الْمُنْفِقَةُ " . وَقَالَ وَاحِدٌ عَنْ حَمَّادٍ " الْمُتَعَفِّفَةُ " .

ـ صحيح : ق ، و رواية (المتعففة) شاذة

বাংলা

১৬৪৮। ’আবদুল্লাহ ইবনু ’উমার রাযিয়াল্লাহু ’আনহুমা সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিম্বারে দাঁড়িয়ে যাকাত গ্রহণ, তা থেকে বিরত থাকা এবং ভিক্ষা সম্পর্কে উপরের হাত নীচের হাতের চেয়ে উত্তম বলেছেন। উপরের হাত হলো দাতার হাত এবং ভিক্ষার হাত হলো নীচের হাত।[1]

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, নাফি’ হতে আইয়ূব সূত্রে বর্ণিত হাদীসে মতভেদ আছে। ’আবদুল ওয়ারিস বলেন, এমন হাতই উপরের হাত যা ভিক্ষা হতে বিরত থাকে এবং অনেকেই হাম্মাদ ইবনু যায়িদ হতে আইয়ূব সূত্রে বলেছেন, দানকারীর হাতই উপরের হাত। আরেক বর্ণনাকারী বলেন, (তা হচ্ছে) ভিক্ষা হতে বিরত হাত।

সহীহ : বুখারী ও মুসলিম। এছাড়া তার ’’ভিক্ষা হতে বিরত হাত।’’ কথাটি শায।

## English

Abd Allah b. ‘Umar reported that the Messenger of Allah (May peace be upon him) said when he was on the pulpit speaking of sadaqah and abstention from it and begging :
the upper hand is better than the lower one, the upper being the one which bestows and the lower which begs.

Abu Dawud said : The version of this tradition narrated by Ayyub from Nafi is disputed. The narrator `Abd al-Warith said in his version : `The upper hand is the one which abstains from begging;” but most of the narrators have narrated from Hammad b. Zaid from Ayyub the words “ The upper hand is the one which bestows.” A narrator from Hammad said in his version “the one which abstains from begging.”

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : যাকাত, হাঃ ১৪২৯) মুসলিম (অধ্যায় : যাকাত)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58966

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন